# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪১২

১৫. রক্তপণ অধ্যায় (كتاب الديات)

পরিচ্ছেদঃ ১৬. 'মুদিহাহ' (হাড় বেরিয়ে যাওয়া আঘাত)-এর ক্ষেত্রে

بَاب فِي الْمُوضِحَةِ

## আরবী

حَدَّثَنَا الْحَكَمُ بْنُ مُوسَى حَدَّثَنَا يَحْيَى بْنُ حَمْزَةَ عَنْ سُلَيْمَانَ بْنِ دَاوُدَ حَدَّثَنِي الزُّهْرِيُّ عَنْ أَبِي بَكْرِ بْنِ مُحَمَّدِ بْنِ عَمْرِو بْنِ حَزْمٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَتَبَ إِلَى أَهْلِ الْيَمَنِ وَفِي كُلِّ إِصْبَعٍ مِنْ أَصَابِعِ الْيَدِ وَالرِّجْلِ عَشْرٌ مِنْ الْإِبِلِ وَفِي الْمُوضِحَةِ خَمْسٌ مِنْ الْإِبِلِ

## বাংলা

২৪১২. আমর ইবনু হাযম তার পিতা হতে, তার দাদা হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইয়ামানবাসীদের নিকট একটি পত্র লিখেছিলেন (যাতে ছিল): “হাতের ও পায়ের প্রতিটি আঙ্গুলের জন্য দিয়াত হলো- দশটি উট এবং হাড় উন্মুক্তকারী প্রতিটি যখমের দিয়াত পাঁচটি করে উট।”[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ।

তাখরীজ: এ বিষয়ে আমরা বিস্তারিত আলোচনা করেছি সহীহ ইবনু হিব্বান নং ৬৫৫৯ ও মাওয়ারিদুয যাম’আন নং ৭৯৩ তে।

তবে এর বেশকিছু শাহিদ হাদীস রয়েছে। এরজন্য দেখুন এ বাবের হাদীস সমূহ। আর আমরা এর বিভিন্ন অংশ পিছনে বর্ণনা করে এসেছি হাদীস নং ২৩৯৯, ২৪০৯, ২৪১০, ২৪১১, ২৪১৬ (অনুবাদে সেগুলি ২৩৯০, ২৪০০, ২৪০১, ২৪০২, ২৪০৭) নং এ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবু বকর ইবন মুহাম্মাদ ইবন আমর ইবন হাযম (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82695

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন